



দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



মঙ্গলবার ২৬ সেপ্টেম্বর ২০২৩

www.edainikazadi.net বেঙ্গি, নং-৩-৫৪ ৬৪তম বর্ষ ২২ নম্বা ১১ অধিন ১৪০০ সাল ১০ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি

১২ পৃষ্ঠা ৭ টাকা



আইআইইউসির ডিপার্টমেন্ট অব ফার্মেসি ও ফার্মা ক্লাবের বিশ্ব ফার্মাসিস্ট দিবসের র্যালি

আইআইইউসিতে ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে উদযাপন

আইআইইউসির ডিপার্টমেন্ট অব ফার্মেসি ও ফার্মা ক্লাবের উদ্যোগে গত রোববার ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে উদযাপন করা হয়। বিভাগীয় চেয়ারম্যান এটিএম মোস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, ফিমেল একাডেমিক জোন চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী, প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, আ ফ ম আখতারুজ্জামান কায়সার, প্রফেসর ড. দেলোয়ার হোসেন, ড. মো. সামিমুল হক চৌধুরী প্রমুখ। উপাচার্য কেক কেটে উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, ফার্মাসিস্টদের অধিকার ও স্বাস্থ্যসেবায় অগ্রণী ভূমিকা বিশ্বদরবারে তুলে ধরতে আজ ফার্মাসিস্টদের জন্য এক গুরুত্বপূর্ণ দিন। ফার্মাসিস্টরা চিকিৎসাবিজ্ঞানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এতে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে 'ব্লাড গ্রুপ ক্যাম্পেইন' এর আয়োজন করা হয়। এসময় উপস্থিত ছিলেন আশরাফ উদ্দিন চৌধুরী, মো. মাসুদ মোরশেদ, রিনিয়ারা খাতুন, ইসতিয়াক মুহাম্মদ আকিল রবিন আনোয়ার প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 26 September 2023, Page: 2, Col: 3

<https://www.edainikazadi.net/index.php?page=1&date=2023-09-26>

